গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
এপিএ শাখা।

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর) এর ষান্মাসিক (জুলাই-ডিসেম্বর) অর্জন প্রতিবেদন বিষয়ে সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: কামাল উদ্দিন তালুকদার |
| তারিখ | : | ১৩/০১/২০১৯ ইং |
| সময় | : | দুপুর ২.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ |

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র (এপিএ) ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর)-সহ ষান্মাসিক (জুলাই-ডিসেম্বর) অর্জন প্রতিবেদন বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে ১৩/০১/২০১৯ তারিখে বিকাল ২.৩০ ঘটিকায় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট -'ক'-তে দেয়া হলো।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি এ বিভাগের এপিএ সেল এর প্রধান জনাব মো: আফজাল হোসেন, অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান)-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান।

আলোচনা:

এপিএ টিমের প্রধান অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান) জনাব মো: আফজাল হোসেন এ বিভাগের অধিনস্থ সকল দপ্তর/সংস্থার ২০১৮-১৯ অর্থ বছরের ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর)-সহ ষান্মাসিক অর্জন প্রতিবেদন বিষয়ে সূচক নিয়ে আলোচনা করেন। এতে দেখা যায় সূচকের কয়েকটি অর্জন ভালো হয়েছে আবার কিছু কিছু সূচকের ঘাটতি রয়েছে। যে সমস্ত কৌশলগত উদ্দেশ্য সংশ্লিষ্ট সূচকে ষান্মাসিক অর্জন কম হয়েছে তা নিম্নবর্ণিত ছকে উল্লেখ করা হলো:

| এ পি এ ২০১৮-১৯ এর নির্দেশকসমূহ | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা অর্জন | প্রকৃত অর্জন | অর্জনের হার |
|---|---|---|---|---|---|
| [১.১.১] নিবন্ধিত সমবায় সমিতি | সংখ্যা | ৫ | ৫৮১০ | ২৬৯৮ | ৪৬.৪৪ |
| [১.১.২] অডিটকৃত সমবায় সমিতি | সংখ্যা | ৪ | ৮৮০০০ | ৩৬৭৭৬ | ৪১.৭৯ |
| [১.৪.২] ঋণ গ্রহীতা | জন (লক্ষ) | ২ | ৮.৫৬ | ৪.১১ | ৪৮.০১ |
| [১.৫.২] আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত পুরুষ | জন (লক্ষ) | ২ | ১.৬৪ | .৬৩ | ৩৮.৪১ |
| [১.৬.৩] সমিতিতে জমাকৃত সঞ্চয় | টাকা (কোটি) | ১ | ২৯ | ১৪.১ | ৪৮.৬২ |
| [১.৭.১] সংগৃহীত তরল দুধ | লক্ষ (লিটার) | ১ | ৪৮০ | ২২৬.১০ | ৪৭.১০ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| [১.৭.৩] | বাজারজাতকৃত অন্যান্য দুগ্ধজাত পণ্য | টাকা (কোটি) | ১ | ৬৫ | ৩১.৬৯ | ৪৮.৭৫ |
| [১.৮.১] | অকৃষি পণ্য বিপণন | টাকা (লক্ষ) | ১ | ২৪৮ | ১০১.৯০ | ৪১.০৯ |
| [২.১.১] | সম্পাদিত গবেষণা | সংখ্যা | ৬ | ৩৬ | ১৩ | ৩৬.১১ |
| [২.২.১] | সম্পাদিত প্রায়োগিক গবেষণা | সংখ্যা | ৪ | ১৮ | ৩ | ১৬.৬৭ |
| [২.৩.১] | প্রকাশিত গবেষণা ও প্রায়োগিক গবেষণার ফলাফল | সংখ্যা | ৪ | ২৬ | ১১ | ৪২.৩০ |
| [২.৪.১] | প্রদানকৃত পরামর্শক সেবা | সংখ্যা | ৩ | ২৬ | ১১ | ৪২.৩০ |
| [২.৪.৩] | সম্প্রসারিত দ্বি-স্তর বিশিষ্ট কৃষি প্রযুক্তি | একর | ২ | ৭০০ | - | ০ |
| [৩.১.১] | আয়বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণকারী | জন (লক্ষ) | ৫ | ০.৯৬ | ০.৩০ | ৩১.২৫ |
| [৩.১.২] | উদ্বুদ্ধকরণমূলক প্রশিক্ষণ গ্রহণকারী | জন (লক্ষ) | ৪ | ১.৭০ | ০.৭২ | ৪২.৩৫ |
| [৩.২.১] | প্রশিক্ষণার্থী কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং এনজিওকর্মী | জন | ২ | ১২৬৫০ | ৩৭৫৮ | ২৯.৭১ |
| [৩.৩.১] | জামালপুরে পল্লী উন্নয়ন একাডেমীর অবকাঠামো নির্মাণ | % | ২ | ৪০.১৬ | ৭.২ | ১৭.৯৩ |
| [৩.৩.২] | রংপুরে পল্লী উন্নয়ন একাডেমীর অবকাঠামো নির্মাণ | % | ২ | ৪৪.৯২ | ১১.০৬ | ২৪.৬২ |

যে সমস্ত কৌশলগত ও আবশ্যিক উদ্দেশ্য সংশ্লিষ্ট সূচকে লক্ষমাত্রা কম অর্জন হয়েছে বিশেষত: যে ক্ষেত্রে ৮০% এর কম অর্জন হয়েছে সে সমস্ত সূচকে উপযুক্ত ব্যাখ্যা প্রয়োজন মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করেন।

<u>বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :</u>

১। যে সকল সূচকের ষান্মাসিক অর্জন বার্ষিক লক্ষ্যমাত্রার ৫০% এর নীচে রয়েছে সেই সকল সূচকের লক্ষ্যমাত্রা অর্জন পরবর্তী কোয়ার্টারের সাথে নিশ্চিত করতে হবে।

২। এ বিভাগের [১.১] নং কার্যক্রমের মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়নের ক্ষেত্রে [১.১.১] নং সূচক অনুযায়ী ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডের সংখ্যা, [১.১.৩]নং সূচক অনুযায়ী ই-ফাইলে পত্র জারীর সংখ্যা ত্বরান্বিত করতে হবে।

- এ বিভাগের [২.৪] নং কার্যক্রমের বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে [২.৪.১] নং সূচক অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে।
- এ বিভাগের [২.৫] নং কার্যক্রমের বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে [২.৫.১] নং সূচক অনুযায়ী ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে।
- এ বিভাগের [২.৮] নং কার্যক্রমের শূণ্য পদের বিপরীতে নিয়োগ প্রদানের লক্ষ্যে [২.৮.১] নং সূচক অনুযায়ী আগামী জুন/২০১৯ সালের মধ্যে সকল নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৩। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে একটি স্ট্রেনদেনিং প্রকল্প গ্রহণের জন্য এ বিভাগের উপ-প্রধানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।

৪। এ বিভাগের [১.৩] নং কার্যক্রমের মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবন উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়নের [১.৩.১] নং সূচক বাস্তবায়নের ক্ষেত্রে এ বিভাগের ওয়াশরুম সংস্কার (গ্লাস ডোর, হাই কমোড ও এ্যাডজাস্ট ফ্যান সংযোজন করা) পরবর্তী কোয়ার্টারের মধ্যে সম্পন্ন করতে হবে।

৫। সকল শাখা ও উইং প্রধানগণ তাদের স্ব-স্ব শাখার সংশ্লিষ্ট সূচকে ঘাটতি পূরণসহ এপিএ'র কার্যক্রম বাস্তবায়নের জন্য যথাযথ মনিটরিং-এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৬। কৌশলগত উদ্দেশ্য সংশ্লিষ্ট সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যে সকল দপ্তর/সংস্থার অবদান কাঙ্খিত পর্যায়ের চেয়ে নীচে রয়েছে তাদেরকে পরবর্তী কোয়ার্টারের পূর্বের ঘাটতিসহ লক্ষ্যমাত্রা অর্জনে সার্বিক গুরুত্ব আরোপ করতে হবে।

৭। যে সকল সূচকে ষান্মাসিক অর্জন ৮০% এর নিম্নে রয়েছে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার লিখিত বক্তব্য গ্রহণ করতে হবে।

০৬। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/১/২২

(মো: কামাল উদ্দিন তালুকদার)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ